

বাংলাদেশ সুপ্রিম কোর্ট  
হাইকোর্ট বিভাগ  
(২০২৪ সনের ১৬৮নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৬ মে, ২০২৪ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১০:৩০ মিনিট  
হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ গঠন করা হইল:

১.

বিচারপতি মোহাম্মদ আলী

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রিম  
বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রিম  
বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের XL। অর্ডারের ||। রুল অনুযায়ী শুনানীর জন্য  
অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রিম  
বিরুদ্ধে অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রিম  
বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের  
আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনুর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা  
মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); একক বেঞ্চে গ্রহণযোগ্য বিতীয় আপীল; যে  
সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিক্রমে বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও  
শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি. তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার  
দেওয়ানী মোকদ্দমা বা কার্যধারা অতি বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

স্বাক্ষর/-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখ: ২১ মে, ২০২৪ খ্রি.

বিচারের জন্য:

১.

বিচারপতি মোহাম্মদ আলী